

প্রতিদিন

সোমবার ২৭ জুলাই ২০১৫ ১০ শ্রাবণ ১৪২২

র্যাগিং রুখতে আজ অকাল রাখিবন্ধন পড়ুয়াদের

শ্রীষিতা ঘোষ

অকাল রাখিবন্ধন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে।
র্যাগিংয়ের মতো সামাজিক ব্যাধি দূর করতে আজ, সোমবার প্রথম বর্ষের পড়ুয়াদের হাতে রাখি পরিয়ে দেবেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র ছাত্র-ছাত্রীরা। পড়ুয়াদের মধ্যে সৌহার্দ্যবোধ ও ভ্রাতৃত্ববোধ জাগিয়ে তুলতেই এমন সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, এদিন নতুন উপাচার্য সুরঞ্জন দাসকেও রাখি পরিয়ে দেবে ছাত্র-ছাত্রীরা।
ক্যাম্পাস থেকে র্যাগিং নির্মূল করতে এই প্রচারধর্মী পরিকল্পনা করেছেন ফিল্ম ও ডকুমেন্টারি পরিচালক তথা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী পরাগ সরকার। ছাত্র-ছাত্রীদের মধ্যে সুসম্পর্ক স্থাপনে এই পরিকল্পনাকে একটি থিমের মাধ্যমে তুলে ধরা হয়েছে। নাম দেওয়া হয়েছে 'বন্ধন'। গোটা ক্যাম্পাসে এ বিষয়ে পোস্টার, হোর্ডিং

যাদবপুর বিশ্ববিদ্যালয়

লাগানো হয়েছে। আজ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের প্রথম বর্ষে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের 'ওরিয়েন্টেশন' প্রক্রিয়া শুরু হচ্ছে। প্রথম দিন বিশ্ববিদ্যালয়ে প্রবেশের সময় রাখি পরিয়ে তাদের অভ্যর্থনা জানাবে সিনিয়র ছাত্র-ছাত্রীরা। তারাও পাল্টা রাখি পরিয়ে দেবে সিনিয়রদের। সকাল সাড়ে দশটা নাগাদ রাখিবন্ধন উৎসব পালন করা হবে। ক্যাম্পাসের গেট গিয়ে বিশ্ববিদ্যালয়ে ঢোকার সময়ই থাকছে রাখি পরানোর ব্যবস্থা। এছাড়াও গাফী ভবনে 'ওরিয়েন্টেশন' প্রক্রিয়া চলার সময়ও রাখি পরানো হবে। প্রতি বছর ইঞ্জিনিয়ারিংয়ে এক হাজারের মতো ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। কলা ও বিজ্ঞান বিভাগ মিলিয়ে ভর্তি হয় আড়াই হাজার ছাত্র-

ছাত্রী। বিশ্ববিদ্যালয়ে মেটি পড়াশোনা করে প্রায় দশ হাজার ছাত্র-ছাত্রী। দশ হাজারেরও বেশি রাখি কেনার পরিকল্পনা নিয়েছে বিশ্ববিদ্যালয়। ইতিমধ্যেই দু'হাজারেরও বেশি রাখি কেনা হয়ে গিয়েছে। এদিন শুধুমাত্র বিজ্ঞান বিভাগে রাখিবন্ধন হবে। এর পর ইঞ্জিনিয়ারিং ও কলা বিভাগের প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের মধ্যেও এই রাখিবন্ধন উৎসব পালন করা হবে।

কেন এই পরিকল্পনা?

পরগাবাবু জানাচ্ছেন, রাখিবন্ধন উৎসব শুধুমাত্র ভাই বোনের মধ্যেই সীমাবদ্ধ নয়। রাখি হচ্ছে সৌহার্দ্যের প্রতীক। একে অপরের প্রতি সৌহার্দ্য, ভ্রাতৃত্ব স্থাপনেও রাখি পরানোর রীতি রয়েছে। এক্ষেত্রে জুনিয়র পড়ুয়াদের রাখি পরানো মানে তাদের রক্ষা করার দায়ভারও সিনিয়রদের। এই ভাবনাটাই পড়ুয়াদের মনে গেঁথে দিতে রাখিবন্ধন উৎসব পালনের সিদ্ধান্ত।